

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৯

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ সুবহে সাদিকের পর ফজরের দু'রাকআত (সুন্নাত) ব্যতীত অন্য কোন (নফল) সালাত নেই।

باب مَا جَاءً " لاَ صَلاَةَ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ إِلاَّ رَكْعَتَيْنِ "

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ قُدَامَةَ بْنِ مُوسَى، عَنْ مُحَمَّدِ بْنِ الْحُصَيْنِ، عَنْ أَبِي عَلْقَمَةَ، عَنْ يَسَارٍ، مَوْلَى ابْنِ عُمَرَ عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ مُحَمَّدِ بْنِ الْحُصَيْنِ، عَنْ أَبِي عَلْقَمَةَ، عَنْ يَسَارٍ، مَوْلَى ابْنِ عُمَرَ عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ صَلاَةَ بَعْدَ الْفَجْرِ إِلاَّ سَجْدَتَيْنِ " . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ إِنَّمَا يَقُولُ لاَ صَلاَةَ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ إِلاَّ رَكْعَتَى الْفَجْرِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و وَحَفْصَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ اللّهِ بْنِ عَمْرٍ و وَحَفْصَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثَ قُدَامَةَ بْنِ مُوسَى وَرَوَى عَنْهُ غَيْرُ وَاحِدٍ . وَهُوَ مَا اجْتَمَعَ عَلَيْهِ أَهْلُ الْعِلْمِ كَرِهُوا أَنْ يُصِلِّي الرَّجُلُ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ إِلاَّ رَكْعَتَى الْفَجْرِ .

বাংলা

8১৯. আহমদ ইবনু আবদা আয্-যাবরী (রহঃ) ইবনু উমর রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ সুবহে সা'দিকের পর দু'সিজদা (দু'রাকআত সুন্নাত) ব্যতীত কোন সালাত (নামায/নামাজ) নেই। হাদীসটির র্মম হলো, সুবহে সা'দিকের পর দু'রাকআত সুন্নাত ব্যতীত (নফল) কোন সালাত (নামায/নামাজ) নাই। - ইরওয়া ৪৭৮, সহিহ আবু দাউদ ১১৫৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৪১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর ও হাফসা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি গারীব। কুদামা ইবনু মূসা-এর সূত্র ব্যতীত এটির রিওয়ায়াত আছে বলে আমরা জানি না। তবে তার সনদে একাধিক রাবী এটি বর্ণনা করেছেন। আলিমগণ এই বিষয়ে সকলেই একমত। ফজরের দু'রাকআত সুন্নাত ছাড়া সুবহে সা'দিকের পর অন্য সালাত আদায় করা মাকরহ বলে তারা মত প্রকাশ করেছেন।

English



Ibn Umar narrated that:

Allah's Messenger (S) said: "There is no Salat after Al-Fajr (begins) except two prostrations."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন